


গুচ্ছ ভর্তি পরীক্ষা শুরুর তারিখ ঘোষণা

অনলাইন ডেক্স



সংযুক্ত ছবি

২০২৫-২৬ শিক্ষাবর্ষে গুচ্ছ ভর্তি পরীক্ষা আগামী ২৭ মার্চ শুরু

হবে। এদিন ‘সি’ ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। এরপর
এক সপ্তাহ করে বিরতি দিয়ে অন্য দুটি ইউনিটের ভর্তি পরীক্ষা
নেওয়া হবে।

বৃহস্পতিবার (২৩ অক্টোবর) দুপুরে রাজধানীর আগারগাঁওয়ে

অবস্থিত বিশ্ববিদ্যালয় মঙ্গুরি কমিশন (ইউজিসি) ভবনের
কনফারেন্স রুমে অনুষ্ঠিত সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়।

পড়ুন



ফার্স্ট প্রায়োরিটি থাকবে নারায়ণগঞ্জে মেডিক্যাল কলেজ
ও হৃদরোগ ইনসিটিউট করা

সভার সিদ্ধান্ত অনুযায়ী, আগামী বছরের ২৭ মার্চ, ৩ এপ্রিল ও ১০
এপ্রিল গুচ্ছ ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। ২৭ মার্চ ‘সি’ ইউনিটের
ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। এ ছাড়া ৩ এপ্রিল ‘বি’ ইউনিট এবং
১০ এপ্রিল ‘এ’ ইউনিটের ভর্তি পরীক্ষা হবে। তবে আবেদন শুরুর
তারিখ নির্ধারণ হবে পরবর্তী সভায়।

সভায় ইউজিসির পাবলিক বিশ্বিদ্যালয়ের দায়িত্বে থাকা সদস্য
অধ্যাপক ড. তানজিম উদ্দিন খান স্বাগত বক্তব্য দেন। এ সময়
সচিব ড. মো. ফখরুল ইসলামসহ গুচ্ছভুক্ত বিশ্বিদ্যালয়গুলোর
উপাচার্যরা উপস্থিত ছিলেন।